

পাকিস্তানিদের বিশেষ ভিসা সুবিধা বাতিল করলো ভারত

- A Monitor Desk Report

Date: 24 April, 2025



ঢাকাঃ ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মিরের পেহেলগামে পর্যটকদের ওপর নজিরবিহীন হামলার জেরে পাকিস্তানিদের জন্য ‘সার্ক ভিসা ছাড়’ প্রোগ্রাম বাতিল করেছে ভারত। এছাড়া পাকিস্তানের সঙ্গে পুরোনো সিন্ধু নদের পানি চুক্তিও বাতিল করেছে নয়াদিল্লি।

হামলার জন্য পাকিস্তানকে দায়ী করে মোদী সরকার বলছে, পাকিস্তান সন্তোষবাদে মদত দেয়া বন্ধ না করা পর্যন্ত এই সিদ্ধান্ত বহাল থাকবে।

বুধবার (২৩ এপ্রিল) দেশটির মন্ত্রিসভার নিরাপত্তা বিষয়ক কমিটির জরুরি বৈঠকে পাকিস্তানের বিরুদ্ধে বেশ কয়েকটি সিদ্ধান্ত নেয়া হয় বলে দেশটির একাধিক গণমাধ্যম জানিয়েছে।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব বিক্রম মিশ্রি ভিসা প্রোগ্রাম বাতিলের ঘোষণা দিয়ে বলেছেন, সার্ক ভিসা ছাড় প্রোগ্রামের আওতায় পাকিস্তানি নাগরিকরা ভারতে প্রবেশ করতে পারবে না। যাদের পূর্বে এ ভিসা দেওয়া হয়েছে ‘সেগুলো বাতিল হিসেবে বিবেচিত হবে’। এবং যেসব পাকিস্তানি এ ভিসা নিয়ে ভারতে অবস্থান করছেন তাদের ৪৮ ঘণ্টার মধ্যে দেশত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়াও দুই দেশের মধ্যের আন্তারি নিরাপত্তা চৌকি এ মুহূর্ত থেকে বন্ধ করে দেয়া হবে বলে জানান তিনি।

একইসঙ্গে ভারতে থাকা পাকিস্তানি দূতাবাসের কর্মকর্তাদের সংখ্যাও আগামী ১ মে থেকে ৫৫ থেকে ৩০-এ নামিয়ে আনতে বলা হয়েছে। ভারতও একই পদক্ষেপ করবে বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়।

মঙ্গলবার কাশ্মিরের পেহেলগামে বন্দুকধারীদের হামলায় অন্তত ২৬ জন নিহত হন। তাদের মধ্যে বেশিরভাগই পর্যটক। ওই ঘটনার দায়স্বীকার করেছে পাক জাঙ্গিগোষ্ঠী লস্কর-ই-তায়্যাবার ছায়া সংগঠন ‘দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট’ (টিআরএফ)।

